

# নীহা নামের অর্থ সৌন্দর্য্য...

মাধবী লতা

*তারকা ঝরে পড়ে আবার তারকা তৈরি হয়। প্রকৃতি শূন্যতা পছন্দ করে না। কোনো না কোনো তারা আলো ছড়াতেই থাকে। প্রতিনিয়তই তরুণরা আসে, তাদের স্থান ছেড়ে দিতে হয়। নতুন আলোয় আলোকিত হয়ে ওঠে পর্দা। ছোট পর্দার নাটকে এমনই বেশ কিছু তরুণ অভিনেত্রী আলো ছড়াচ্ছেন। সে তালিকায় অন্যতম একজন হলেন নাজনীন নাহার নীহা। তরুণ প্রজন্মের এই অভিনেত্রী সম্পর্কে থাকছে বিশেষ আলোচনা।*

## নামের অর্থ

নিজের নামের সঙ্গে বেশ মিল নীহার। নামের সুবিচার করে ক্যারিয়ারের শুরুতেই দর্শকের কাছাকাছি আসতে সক্ষম হয়েছেন এই অভিনেত্রী। এসব নিয়ে জানা যাবে আগে নামের অর্থটা জানা যাক। নীহা নামের অর্থ হলো - সুন্দরী, রূপসী, মনোহারিতা, শোভা, রূপবত্তা। আবার, ধর্মীয় ও বাংলা অভিধান ভেদে নীহা নামের অন্য একটি অর্থ হলো সৌন্দর্য্য বা সৌন্দর্য।

## বিজ্ঞাপন দিয়ে পথচলা শুরু

প্রাণ ফ্রুটোর বিজ্ঞাপনচিত্রে নীহাকে দেখেছেন সবাই। তার হাসিমুখটা এই বিজ্ঞাপন থেকেই পরিচিত হতে শুরু করে। জানা যায়, নীহার এক ফুফাতো ভাই শোবিজের মানুষ। তার হাত ধরেই এই জগতে এসেছেন। প্রথমেই করেছেন ফটোশুট। সুযোগ পান অমিতাভ রেজার নির্মাণে প্যারাস্যুটের বিজ্ঞাপনচিত্রে। এরপর এসএসসি পরীক্ষা দেওয়ার জন্য বিরতি নেন। তখনই এলো করোনা। শুরু হলো লকডাউন। করোনাকাল পেরিয়ে পৃথিবী যখন নতুনরূপে ব্যস্ত হয়ে উঠল, নীহাও শোবিজে নিজেকে মেলে ধরলেন। বলেন, ‘টিভিসি, ওভিসিতে আমার ব্যস্ততা বাড়তে থাকে। এর মধ্যেই প্রবীরদা নাটকের জন্য নতুন মুখ খুঁজছিলেন। আরেক পরিচালক ইমরাউল রাফাত ভাই আমার নাম প্রস্তাব করলেন। এভাবেই শুরু হয় আমার অভিনয় ক্যারিয়ার।’

## প্রথম নাটক

মিডিয়ার আলোয় নীহার দেখা মেলে গত বছর ২০২৩ সালে। এর আগে তার দেখা মিলেছে মডেলিং, ফটোশুট কিংবা টুকটাক বিজ্ঞাপনে । স্নিগ্ধ হাসির ফোয়ারা ছড়িয়ে খুব সহজেই তিনি দর্শকের

কাছে পৌঁছে গেছেন।প্রবীর রায় চৌধুরীর ‘লাভ সেমিস্টার’ নামের একটি নাটক দিয়ে বেশ আলোচনায় এসেছিলেন নীহা। ঈদুল ফিতরে বিশেষ এই নাটকটি ছিলো নেহার প্রথম অভিনীত নাটক। রোমান্টিক গল্পের এই নাটকটিতে অভিনেতা জোভানের সঙ্গে জুটি বেঁধেছিলেন তিনি। নীহার হাতে কলমে অভিনয় শেখার পাঠ শুরু হয় এই নাটক থেকেই। বেশ কৃতজ্ঞচিত্তে এক সাক্ষাৎকারে নীহা বলেছিলেন, ‘লাভ সেমিস্টার নাটকটি নিয়ে শুটিংয়ের আগে থেকেই পরিকল্পনা অনুযায়ী আমরা এগিয়েছিলাম। ফাইনাল শুটে যাওয়ার আগে আমরা বেশ কিছুদিন রিহার্সেল করেছি। প্রবীর ভাইয়া আমাকে অনেক ছোট ছোট বিষয় হাত ধরে শিখিয়ে দিয়েছিলেন। আর জোভান ভাইয়ার মতো অভিনেতার সঙ্গে মানিয়ে যেতে পারব কি না, সে বিষয়ে একটু ভয় কাজ করছিল। বাট তিনিও আমাকে অনেক বেশি সাপোর্ট করেছেন। এই নাটক দিয়ে অভিনয়ের অনেক খুঁটিনাটি বিষয় শিখেছি।’

## কোটি ভিউয়ের প্রথম সাত

নীহা ক্যারিয়ারের শুরু থেকেই চমক দেখিয়ে আসছেন। প্রথম নাটকে অভিনয় করার পর থেকেই তাকে আর পিছনে ফিরে তাকাতে হয়নি। তার অভিনীত প্রথম দিকের প্রায় সব নাটকই কোটি ভিউ পেয়েছে। ২০২৪ সালের মার্চ মাসের আগেই সাতটি নাটকে অভিনয় করেন নীহা। সবকটি নাটকই কোটি ভিউ ছাড়িয়ে যায়। নাটকগুলো হলো - ‘লাভ সেমিস্টার’, ‘মাই ডিয়ার লিডার’, ‘হৃদয়ে হৃদয়ে’, ‘শুধু তোমাকে চাই’, ‘অনুরাগ’, ‘সুইট প্রব্লেম’, এবং ‘লাভ লাইন’। গত মার্চে এক সাক্ষাৎকারে নীহা বলেন, ‘আমার অভিনীত সপ্তম নাটক লাভ লাইন। মজার ব্যাপার হলো, সাতটি নাটকই প্রেমের, সব কটি নাটকেরই দর্শক ভিউ কোটি পেরিয়েছে।’

## গানের মডেল

কয়েকটি বিজ্ঞাপনের মডেল হওয়ার পর এইচএসসি পরীক্ষা দেন নীহা। এইচএসসির ফলাফল প্রকাশের পর বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রস্তুতি শুরু হয়। ভাবছেন অভিনয়ে নিয়মিত হবেন কি না? সেই সময় ডাক আসে একটি মিউজিক ভিডিওর মডেল হওয়ার জন্য। নীহা জনপ্রিয় গায়ক ইমরানের গানের মডেল হয়ে ফিরলেন। গানটির নাম ‘ওরে জান’। গানটির শুটিং হয়েছিল নেপালে। ২০২৪ এর অক্টোবরে আবারও ইমরানের একটি গানের ভিডিওচিত্রের মডেল হলেন তিনি। ‘শুধু তোমাকে ছাড়া’ শিরোনামের গানটির কথা লিখেছেন আসিফ ইকবাল। সুর-সংগীত করেছেন ইমরান নিজেই। এ গানের ভিডিও ধারণ করা হচ্ছে দেশে ও থাইল্যান্ডে। ভিডিও নির্মাণের দায়িত্বে আছেন সৈকত রেজা।

## বর্তমান ব্যস্ততা

অভিনয়ে নীহার ব্যস্ততা বেড়েছে। এবার খ্যাতিমান পরিচালক মিজানুর রহমান আরিয়ানের নাটকে অভিনয় করলেন নীহা। অভিনেত্রী নাজনীন নীহার সঙ্গী হয়ে বাংলাদেশের নাটক ইন্ডাস্ট্রিতে আরও একজন অভিনেতাকে পেতে যাচ্ছেন দর্শক। যাকে ঘিরে এরই মধ্যে নির্মাতা-দর্শকের মধ্যে প্রত্যাশা তৈরি হয়েছে। তিনি টাঙ্গাইলের সাবালিয়ার শিক্ষক নওশাদ আলী ও ফেরদৌস আরার ছোট সন্তান ফররুখ আহমেদ রেহান।

বেশ কয়েকমাস আগে রেহান ও নাজনীন নীহা ফটোগ্রাফার রফিকুল ইসলামের একটি ফটোশূটে অংশ নেন। সেখানে করা দুজনের একটি রিল চোখে পড়ে পরিচালক মিজানুর রহমান আরিয়ানের। ভালো লেগে যায় তার। সিদ্ধান্ত নেন দু'জনকে নিয়ে নাটক নির্মাণের। এরই মধ্যে আরিয়ান তারই রচনায় দু'জনকে নিয়ে ‘যুগল’ শিরোনামের একটি নাটক নির্মাণ করেছেন। এই নাটক নিয়ে নীহা বলেন, ‘আরিয়ান ভাই আমাদের সঙ্গে নিয়ে কয়েকদিন রিহার্সেল করিয়েছেন। যে কারণে রেহান ভাইয়ের সঙ্গে কাজটা ভালো হয়েছে। আমার অবস্থান থেকে আমি তাকে সর্বাত্মক সহযোগিতা করেছি। আমার মনে হচ্ছে ইন্ডাস্ট্রি আরেকজন দারুণ অভিনেতা পেতে যাচ্ছে। আরিয়ান ভাইয়ার পরিচালনায় আমার তৃতীয় নাটক এটি। আমি ভীষণ উচ্ছ্বসিত। বরাবরের মতো অনেক প্রত্যাশা এই নাটকটিকে ঘিরে।'

এদিকে গত ২৯ আগস্ট ইউটিউবে মুক্তির পর থেকেই আলোচনায় নাজনীন নীহা অভিনীত ‘অবুঝ পাখি’। ইউটিউব ট্রেন্ডিংয়ে নাটকের মধ্যে শীর্ষে রুবেল হাসান পরিচালিত নাটকটি। নাজনীন নীহা এই নাটকটি নিয়ে বলেন, ‘নাটকটি বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাজনীতি নিয়ে। ইয়াশ রোহান একজন ছাত্রনেতা, আমি একই বিশ্ববিদ্যালয়ে পড়া তার প্রেমিকা। এ ধরনের চরিত্র আগে করিনি। তা ছাড়া ইয়াশ রোহানের সঙ্গে প্রথম জুটি। সব মিলিয়ে নাটকটিতে নতুনত্ব আছে। এ জন্যই দর্শকের হয়তো বাড়তি আগ্রহ তৈরি হয়েছে।’

## প্রথমবার অপূর্বর বিপরীতে

সম্প্রতি ছোটপর্দার নন্দিত অভিনেতা অপূর্বর বিপরীতে একটি নাটকে অভিনয় করেছেন নীহা। তবে এখনই নাটকটি নিয়ে বিস্তারিত বলতে চাননি নীহা। এ নাটক নিয়ে তিনি বলেন, ‘বেশ আগেই শুরু হয়েছে নাটকটির কাজ। এটি বেশ বড় বাজেটের নাটক। কিন্তু এ কাজটি সম্পর্কেও বিস্তারিত বলা মানা। অনেক আগে থেকেই আমি অপূর্ব ভাইয়ের ভক্ত। বড় ছেলেসহ তার অনেক কাজ দেখেছি। একদিন তার বিপরীতেই নায়িকা হয়ে কাজ করব, ভাবিনি। কাজটি শুরুর আগে নার্ভাস লাগছিল, শুটিংয়ে গিয়েও ভয় কাটছিল না; মনে হচ্ছিল সংলাপ ভুলে যাব। পরে প্রতিটি দৃশ্য করার আগে অপূর্ব ভাই, পরিচালক সুন্দর করে মহড়া করে নিয়ে কাজ করেছেন। অপূর্ব ভাইদের মতো শিল্পীদের কাছ থেকে নতুন প্রজন্মের অনেক কিছুই শেখার আছে। শুটিং করতে গিয়ে আমিও অনেক শিখেছি।’

## দশ নাটকে চুক্তিবদ্ধ

একটি প্রযোজনা প্রতিষ্ঠানের হয়েই টানা কাজ করছেন নীহা। অনেকেই জানতে চান এর কারণ



কী? এক সাক্ষাৎকারে এ বিষয়ও খোলাসা করেছেন এই অভিনেত্রী। নাজনীন নীহা বলেন, ‘২০২৩ সালে ঈদের নাটক দিয়ে আমার অভিষেক। প্রায় দেড় বছরে মাত্র ১০টি নাটকে কাজ করেছি। বেশি বেশি কাজ করতেও চাই না। আমার তৃতীয় নাটক প্রচারের পর একটি প্রযোজনা প্রতিষ্ঠান আমার সঙ্গে ১০টি নাটকের চুক্তি করে। সেই কাজগুলোই করছি। তবে বাইরের দু-একটি নাটকেও অভিনয় করছি।’

## অল্প কাজেই আনন্দ

নাজনীন নীহার সময়টা বেশ ভালো যাচ্ছে। তার হাতে কাজ আসছে প্রচুর। সেই তুলতায় তিনি অভিনয় করছেন অল্প নাটকেই। কেন এতো বেছে কাজ করেন নীহা। এই অভিনেত্রী বললেন, ‘আমার মনে হয় আরও অনেক কিছু শেখার আছে। এখনো ভালো অভিনয় পারি না। এটা বুঝি, অনেকে চান আমি বেশি বেশি কাজ করি; এমনকি আমার দর্শকরাও। কিন্তু টানা কাজ করতে গিয়ে মানের সঙ্গে আপস করতে চাই না। একটি কাজ হাতে নিয়ে প্রস্তুত হয়ে, চরিত্রের মধ্যে ঢুকে তারপর শুটিংয়ে যেতে চাই। প্রতিটি কাজের আগে প্রস্তুতির জন্য বিরতি নিতে চাই। এভাবে আরও বছরখানেক কাজ করে নিজেকে শিল্পী হিসেবে পোক্ত করতে চাই। তারপর কাজের পরিমাণ বাড়তে পারে।’

## শেষ কথা

আরিয়ানের নাটক ছাড়া আরও কয়েকটি নাটক হাতে আছে নীহার। আরও কাজের ডাক আসছে। এভাবেই এগিয়ে যাচ্ছেন তিনি। দর্শকের ভালোবাসা সঙ্গী করে এভাবেই সামনে এগিয়ে যেতে চান এ অভিনেত্রী। শুধুই একজন অভিনেত্রী হবার স্বপ্ন দেখেন না তিনি। ভালো অভিনেত্রী হওয়ার পাশাপাশি একজন ভালো মানুষও হতে চান। তার স্বপ্ন পূর্ণ হোক।